



স্থানীয় পর্যায়ে ক্রীড়াঙ্গন সচল করাই অগ্রাধিকার: আসিফ নজরুল



সংগৃহীত ছবি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নতুন দায়িত্ব পাওয়া আনন্দের হলেও দেশের সাম্প্রতিক পরিস্থিতিতে তা পুরোপুরি স্বস্তিদায়ক নয় বলে মন্তব্য করেছেন ক্রীড়া উপদেষ্টা ড. আসিফ নজরুল। ওসমান হাদির ওপর গুলির ঘটনার প্রসঙ্গ টেনে তিনি বলেন, এমন বাস্তবতায় দায়িত্ব গ্রহণ করলেও খুশির পরিবেশ তৈরি হয়নি। শনিবার (১৪ ডিসেম্বর) সকালে সচিবালয়ে যুব ও ক্রীড়া উপদেষ্টা হিসেবে দায়িত্ব গ্রহণের পর তিনি এসব কথা বলেন। এর আগে দায়িত্ব পালন করা উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার বিভিন্ন উদ্যোগের প্রশংসা করে ড. আসিফ নজরুল বলেন, যুব ও ক্রীড়া খাতে তার নেওয়া পদক্ষেপগুলো ইতিবাচক পরিবর্তন এনেছে। সেই অর্জনের ধারাবাহিকতা বজায় রাখার আশ্বাসও দেন তিনি।

নতুন উপদেষ্টা জানান, ক্রীড়া ক্ষেত্রে কোনো ধরনের দুর্নীতির অভিযোগ থাকলে তা খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। পাশাপাশি ঢাকার বাইরে জেলা ও স্থানীয় পর্যায়ে ক্রীড়া কার্যক্রমকে আরও সক্রিয় করাই হবে তার অন্যতম অগ্রাধিকার।

দেশের চলমান পরিস্থিতি প্রসঙ্গে তিনি আরও বলেন, পুরোপুরি আনন্দ নিয়ে দায়িত্ব নেওয়ার সুযোগ না থাকলেও নিজের দায়িত্ব সম্পর্কে তিনি সচেতন। মন্ত্রণালয়ের আওতাধীন স্টেডিয়াম ও বিভিন্ন দপ্তর কীভাবে কার্যকরভাবে চালু করা যায়, সে বিষয়ে উদ্যোগ নেওয়া হবে বলেও জানান তিনি।